

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮- ৫২০

তারিখঃ ২৫/১০/২০২২

অফিস আদেশ

বিষয়ঃ **উন্নয়ন সহযোগি সংস্থার কারিগরি ও আর্থিক সহযোগিতায় বাস্তবায়নধীন/বাস্তবায়্যব্য প্রকল্পের ক্রয় প্রক্রিয়াকরণের বিভিন্ন ধাপে তথা Tender Evaluation, Shortlisting, Master Tender Document/Request For Proposal, Terms of Reference/Specification, Key Consultant Replacement ইত্যাদি বিষয়ে অনাপত্তি গ্রহণ প্রসঙ্গে।**

উন্নয়ন সহযোগি সংস্থার কারিগরি ও আর্থিক সহযোগিতায় বাস্তবায়নধীন/বাস্তবায়্যব্য প্রকল্পের ক্রয় প্রক্রিয়াকরণের ক্ষেত্রে ক্রয়ের ধরন, প্রকৃতি, আর্থিক সীমা ও ঋণচুক্তির শর্তের আলোকে Prior Review এবং Post Review এ দু'ধরনের Review Option রয়েছে। Prior Review এর ক্ষেত্রে ক্রয় প্রক্রিয়াকরণের বিভিন্ন ধাপে উন্নয়ন সহযোগি সংস্থার নিকট হতে অনাপত্তি গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে; কিন্তু Post Review এর ক্ষেত্রে এধরনের অনাপত্তি গ্রহণের প্রয়োজন হয় না।

ক্রয় প্রক্রিয়াকরণে স্বচ্ছতা, জবাবদিহিতা, সমআচরন ও প্রতিযোগিতা নিশ্চিতকরণ এবং দরপত্র সংক্রান্ত বিভিন্ন দলিলের স্ট্যান্ডার্ড বা সামঞ্জস্যতা বজায় রাখার স্বার্থে প্রস্তাব/দরপত্র দলিল, কার্যপরিধি/স্পেসিফিকেশন পর্যালোচনা এবং দরপত্র মূল্যায়নের জন্য বিভিন্ন সময়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে। প্রকল্প পরিচালকগণ কোন কোন ক্ষেত্রে Review Option বিবেচনায় না নিয়ে এবং প্রস্তাব বা দরপত্র মূল্যায়ন কমিটি/পর্যালোচনা কমিটি কিংবা সংস্থা প্রধানকে অবহিত না করেই সরাসরি উন্নয়ন সহযোগি সংস্থার অনাপত্তি গ্রহণ পূর্বক প্রস্তাব বা দরপত্র মূল্যায়ন কমিটি/পর্যালোচনা কমিটি কিংবা সংস্থা প্রধানের নিকট উপস্থাপন করেন; ফলে কমিটি বা সংস্থা পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে জটিলতা এমনি উন্নয়ন সহযোগি সংস্থার সহিত অহেতুক দূরত্ব হওয়ার মত পরিবেশ সৃষ্টি হয়।

এমতাবস্থায়, উন্নয়ন সহযোগি সংস্থার অর্থায়নে বাস্তবায়নধীন/বাস্তবায়্যব্য সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলোঃ

1. Prior বা Post Review নির্বিশেষে সকল ক্ষেত্রে অত্র দপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা/পরিপত্রের আলোকে Tender Evaluation, Shortlisting, Master Tender Document/ Request for Proposal, Terms of Reference/Specification, Key Consultant Replacement ইত্যাদি বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন বা উন্নয়ন সহযোগি সংস্থায় প্রেরণের পূর্বে প্রযোজ্য কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে;
2. Prior Review চুক্তির বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর অনুমতি সাপেক্ষে উন্নয়ন সহযোগি সংস্থার অনাপত্তির জন্য প্রেরণ করতে হবে; অনাপত্তি প্রাপ্তির পর যথাযথ প্রক্রিয়ায় অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে; তবে, উন্নয়ন সহযোগি সংস্থা কর্তৃক অত্র দপ্তর হতে প্রেরিত প্রস্তাবের সহিত দ্বিমত পোষন করা হলে বিষয়টি সংশ্লিষ্ট কমিটিতে পুনরায় পর্যালোচনাপূর্বক পূর্বোক্ত প্রক্রিয়ায় উন্নয়ন সহযোগি সংস্থায় প্রেরণ করতে হবে।
3. Post Review চুক্তির বিষয়ে প্রযোজ্য কমিটির সুপারিশ গ্রহণপূর্বক যথাযথ প্রক্রিয়ায় অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে; তবে সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে Tender Evaluation, Shortlisting, Master Tender Document/ Request for Proposal, Terms of Reference/Specification, Key Consultant Replacement কিংবা প্রস্তাব/দরপত্রের কোন অস্পষ্টতার বিষয়ে উন্নয়ন সহযোগি সংস্থার মতামত বা স্পষ্টীকরণের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কমিটির সুপারিশ গ্রহণপূর্বক বা ক্ষেত্র বিশেষে নিম্নস্বাক্ষরকারীর সহিত আলোচনাক্রমে উন্নয়ন সহযোগি সংস্থায় প্রেরণ করা যেতে পারে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।



(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২


ই-মেইলঃ ce@lged.gov.bd

তারিখঃ ২৫/১০/২০২২

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮- ৫২০/২(২০২০)

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,
- ৩। প্রকল্প পরিচালক, এলজিইডি,
- ৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি,



(মোঃ আব্দুস সাব্বার)

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫

ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd